

## শিক্ষার আধুনিকায়নে সরকার নিরলস কাজ করছে

শিক্ষামন্ত্রী

### ■ ইত্তেফাক রিপোর্ট

ফ্রান্সে সফররত শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদেদর সাথে প্যারিস-বাংলা প্রেসক্লাবের নেতৃবৃন্দের সৌজন্য সাক্ষাৎ হয়েছে। গত সোমবার বিকালে প্যারিসের হোটেল ইবিসের বলরুমে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

এসময় শিক্ষামন্ত্রী বলেন, দেশে শিক্ষিতের হার বেড়েছে। একই সাথে শিক্ষা ব্যবস্থারও আমূল পরিবর্তন হয়েছে। এ ধরা অব্যাহত থাকবে।

শিক্ষার আধুনিকায়নে গত ছয় বছরে সরকারের বিভিন্ন পদক্ষেপের কথা তুলে ধরে শিক্ষামন্ত্রী বলেন, 'আমাদের শিক্ষা ব্যবস্থা যুগ যুগ ধরে একটি ট্রাডিশনাল মাধ্যমে পরিচালিত হয়ে আসছে। রাতারাতি এ চিত্র পরিবর্তন করা সম্ভব নয়। তবে সরকার শিক্ষার আধুনিকায়নে নিরলসভাবে কাজ করে চলেছে।'